দর্শনা থানা পুলিশের অভিযানে হারিয়ে যাওয়া মোবাইল ফোন উদ্ধার

চুয়াডাঙ্গার দর্শনা থানা এলাকায় হারিয়ে যাওয়া অপ্পো ব্যান্ডের মোবাইল হারানোর বিষয়ে ভুক্তভোগী মোবাইল মালিক একটি জিডি করেন।

তারই প্রেক্ষিতে আজ শনিবার (২১ ডিসেম্বর) সন্ধার পর উদ্ধার হওয়া মোবাইল ফোনটি মূল মালিকের কাছে হস্তান্তর করা হয়। পুলিশ জানান, গত ১২ তারিখে ভুক্তভোগী মোবাইল ফোন মালিক জসিম উদ্দিন তার অপ্পো ব্যান্ডের একটি মোবাইল ফোন হারিয়ে যায়। এ বিষয়ে ভুক্তভোগী দর্শনা থানায় একটি জিডি করা হয়।

এই জিডি প্রেক্ষিতে চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার খন্দকার গোলাম মওলা, বিপিএম-সেবা এর সার্বিক দিকনির্দেশনায় দর্শনা থানার অফিসার ইনচার্জ মুহম্মদ শহীদ তিতুমীর এর নেতৃত্বে আইটি বিষয়ে অভিজ্ঞ এস আই শেখ জসিম উদ্দিন তদন্ত পূর্বক হারিয়ে যাওয়া মোবাইল ফোনটি উদ্ধার করে প্রকৃত মালিক জীবননগর উপজেলার উথলী গ্রামের মোঃ বদর উদ্দীনের ছেলে মোঃ জসিম উদ্দীনের কাছে হস্তান্তর করেন।

দর্শনা থানা পুলিশের অভিযানে গ্রেফতার ৩

দর্শনা থানা পুলিশ বিশেষ অভিযান চালিয়ে ৩ জন পরোয়ানাভুক্ত আসামিকে গ্রেফতার করেছে।

জানাযায় আজ সোমবার (৪ নভেম্বর) ভোরের দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীরের নেতৃত্বে, দর্শনা থানা পুলিশের একটি বিশেষ টিম অভিযান চালিয়ে সি আর মামলার দীর্ঘদিনের ৩ পলাতক

আসামীকে তাদের নিজ নিজ বাড়ি থেকে গ্রেফতার করে।

গ্রেফতারকৃত আসামি তিতুদহ ইউনিয়নের বড়সলুয়া গ্রামের জাহাঙ্গীর আলমের ছেলে রাজন মিয়া (৩০) দর্শনা পৌরসভার পরানপুর গ্রামের মোজাম্মেল মন্ডলের ছেলে নূর আলম (৩৪) ও দর্শনা দক্ষিণ চাঁদপুর মাঝপাড়ার হারন অর রশিদের ছেলে হাবিবুরকে (৩০)গ্রেফতার করে।

গ্রেফতারকৃত ৩ জন সিআর ও জিআর মামলার দীর্ঘদিনের পলাতক আসামি। আজ তাদেরকে ৩ জনকে চুয়াডাঙ্গা কোট হাজতে সোপর্দ করেছে।

দর্শনায় গাজাসহ একজন গ্রেফতার

দর্শনা থানা পুলিশ বিশেষ অভিযান চালিয়ে ১ কেজি গাজাসহ আনিছুর রহমান (৪৪) কে গ্রেফতার করেছে।

শুক্রবার বেলা ১২ টার দিকে অভিযান চালায় কুড়ালগাছি মাধ্যমিক বিদ্যালয়ের জামাল হোসেনের চায়ের দোকানের সামনে এ অভিযান চালান।

দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীর জানান, দর্শনা থানার এসআই(নিঃ) মোঃ হারুন উর রশিদ পিপিএম,এর নেতৃত্বে এএসআই(নিঃ) মোঃ সানোয়ার হোসেন, এএসআই(নিঃ) মোঃ হাসানুল বান্না সঙ্গীয়ফোর্সসহ দর্শনার কুড়ালগাছি মাধ্যমিক বিদ্যালয়ের কামালের চায়ের দোকানের সামনে অভিযান চালিয়ে তাকে আটক করেন। মাদক আইনে মামলা দিয়ে শুক্রবার দুপুরে চুয়াডাঙ্গা জেল হাজতে প্রেরন করেছে।